# বাংলাদেশ মাদ্রাসাশিক্ষা বোর্ড, ঢাকা

২নংঅরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:**www.bmeb.gov.bd, **E-mail:**info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


১.৫

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩

## সংযোজনী-৪, ১.৫ এর কর্ম-পরিবেশ উন্নয়ন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-২০২২-২৩ এর সংযোজনী-৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০২২-২৩ এর ১.৫- এ উল্লেখিত কর্ম-পরিবেশ উন্নয়ন সম্পর্কিত বাস্তবায়ন প্রতিবেদন।

(১) নথি বিনষ্টকরণ:

অত্র বোর্ডের ব্যবহৃত ও অপ্রয়োজনীয় নথি এবং অন্যান্য মালামাল কমিটির মাধ্যমে ১ম কোয়াটারে বিনষ্টকরণ করা হয়েছে।

(২) পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যাবলী:

(ক) অত্র বোর্ডের ফাঁকা স্থানের আগাছা পরিস্কার;
(খ) সীমানা প্রাচীরে সাঁটানো সকল পোস্টার এবং অনুরূপ কাগজপত্রাদি অপসারণ

(৩) মহিলাদের জন্য ওয়াশরুমের ব্যবস্থাকরণ:
অত্র বোর্ডের প্রশাসনিক ভবনের নীচ তলায় মহিলাদেল জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে।দৃষ্টি গোচরের সুবিধার্থে ওয়াশরুমের দরজায় **'মহিলা টয়লেট'** চিহ্নিত স্টিকার লাগানো হয়েছে।

২৭.০৬.২৩

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৯৬১২৮৫৮

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

## অপ্রয়োজনীয় কাগজপত্র বিনষ্টকরণ কমিটি'র সভার কার্যবিবরণী :

অত্র বোর্ডের বিগত ০৬/০৬/২০২২খ্রি. তারিখের নং ৩৭.১৬.০০০০.০০৬.৯৬.০০১.২২-৩৮৪ স্মারক মোতাবেক গঠিত অপ্রয়োজনীয় কাগজপত্র বিনষ্টকরণ কমিটির **১ম সভা** আগামী **০৮/০৮/২০২২খ্রি.** তারিখ রোজ **সোমবার** বিকাল ০৩.০০ ঘটিকায় বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক ও বোর্ডের উপ-রেজিস্ট্রার (কমন) জনাব তৈয়ব হোসেন সরকার।

সভায় নিম্নবর্ণিত সদস্য মহোদয়গণ উপস্থিত ছিলেন:

০১। জনাব তৈয়ব হোসেন সরকার, উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
০২। জনাব খন্দকার কবির উদ্দিন, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
০৩। জনাব মোঃ নাজমুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**সভায় নিম্নবর্ণিত প্রস্তাব ও সিদ্ধান্ত গৃহিত হয়:**

১। প্রস্তাব : বোর্ডের রেজিস্ট্রার দপ্তর ও উপ-সহকারী প্রকৌশলীর অফিস কক্ষের দীর্ঘদিনের পুরাতন বিবিদ অপ্রয়োজনীয় নথি, জরাজীর্ণ কাগজপত্রাদি ও পূর্বের নমুনা ইত্যাদি বিনষ্ট করার বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : অত্র বোর্ডের রেজিস্ট্রার দপ্তরে দীর্ঘদিন যাবৎ বিবিদ জরাজীর্ণ পুরাতন কাগজপত্রাদি জায়গা দখল করে থাকার কারণে অপসারণ করার জন্য পিএটু রেজিস্ট্রার একটি আবেদন করেন। এছাড়া, উপ-সহকারী প্রকৌশলী ও কমিটির সদস্য সচিব জানান যে, তাঁর অফিস কক্ষে বিগত বিভিন্ন সালের নথি, জরাজীর্ণ পুরাতন কাগজপত্রাদি ও দরদাতাগণের দাখিলকৃত নমুনা রয়েছে। যার ফলে বর্তমানে কক্ষে জায়গা সংকুলান না হওয়ায় পুরাতন কিছু নথি, কাগজপত্র ও নমুনা ০৫(পাঁচ)টি বস্তা ভর্তি করে পাশের কমিটি সংক্রান্ত রেকর্ড কক্ষে রাখা হয়েছে। উক্ত রেকর্ড কক্ষেও যায়গা সংকুলান না হওয়ায় বস্তাসমুহ অপসারণ করার জন্য প্রায়ই বলে থাকেন।

এ বিষয় কমিটির সদস্য ও বোর্ডের হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, যদিও ক্রয়-বিক্রয় সংক্রান্ত নথি "গ" শ্রেণির রেকর্ড। যা তিন থেকে পাঁচ বছর পর্যন্ত সংরক্ষনের বিধান রয়েছে। তবুও বোর্ডের বিভিন্ন সালের অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়ায় উপ-সহকারী প্রকৌশলীর কক্ষের এ সকল নথি বিনষ্ট করা সমীচীন হবে না।

এছাড়া, রেজিস্ট্রার মহোদয়ের দপ্তরে বস্তা ভর্তি বিভিন্ন কাগজপত্র যাচাই করে দেখা যায়, উক্ত কাগজপত্র বহুবছরের পুরাতন যা বোর্ডের আইসিটি সেল হতে প্রিন্ট করা। এ কারণে আইসিটি সেলের প্রোগ্রামার জনাব আমির উদ্দিনের কাছে এর প্রয়োজনীয়তা সম্পর্কে জানতে চাওয়া হলে তিনি জানান যে, "প্রিন্ট ভুল হওয়ায় এগুলো উক্ত সময়ে বাতিল করা হয়েছিল যার প্রয়োজনীয়তা বর্তমানে নাই বিধায় এগুলো বিনষ্ট করা যেতে পারে।"

**পর্যালোচনা :** যেহেতু হিসাবরক্ষণ কর্মকর্তা বোর্ডের অডিট সংক্রান্ত বিষয় নিয়ে কাজ করেন তাছাড়া, কোন কোন সালের অডিট আপত্তি রয়েছে তাও স্পষ্ট নয়। সেহেতু উক্ত বিষয় বিবেচনা করে উপ সহকারী প্রকৌশলীর কক্ষের কোন কাগজপত্রই আপাতত বিনষ্ট করা সমীচীন নহে। তাছাড়া, আইসিটি সেলের প্রোগ্রামারের মতামতের ভিত্তিতে রেজিস্ট্রার মহোদয়ের দপ্তরের বস্তাভর্তি করে রাখা বিবিধ অপ্রয়োজনীয় জরাজীর্ণ কাগজপত্র বিনষ্ট করার বিষয় সকলে একমত পোষণ করেন।

সুপারিশ : **আইসিটি সেলের প্রোগ্রামারের মতামতের ভিত্তিতে রেজিস্ট্রার মহোদয়ের দপ্তরের বস্তা ভর্তি কাগজপত্রদি তালিকাভুক্ত করে বিনষ্ট করার সুপারিশ করা হলো।**

সভায় অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | |
|---|---|---|
| 08.08.22 | 08/08/22 | 08.08.22 |
| **(মোঃ নাজমুল হাসান)**<br>উপ-সহকারী প্রকৌশলী<br>ও সদস্য সচিব<br>অপ্রয়োজনীয় কাগজপত্র বিনষ্টকরণ কমিটি<br>বামাশিবো, ঢাকা | **(খন্দকার কবির উদ্দিন)**<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ও সদস্য<br>অপ্রয়োজনীয় কাগজপত্র বিনষ্টকরণ কমিটি<br>বামাশিবো, ঢাকা | **(তৈয়ব হোসেন সরকার)**<br>উপ-রেজিস্ট্রার (কমন)<br>ও আহবায়ক<br>অপ্রয়োজনীয় কাগজপত্র বিনষ্টকরণ কমিটি<br>বামাশিবো, ঢাকা |

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

## বিনষ্টকৃত অপ্রয়োজনীয় কাগজপত্রের তালিকা :

রেজিস্ট্রার মহোদয়ের দপ্তরে জামাকৃত অপ্রয়োজনীয় কাগজপত্র ০৩ বস্তা। যা যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিনষ্ট করা হলো।

১৬/০৮/২২
মোঃ মাজহারুল ইসলাম
পি এ টু রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা বোর্ড, ঢাকা

16.08.22
মোঃ নাজমুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

১৬/০৮/২২
খন্দকার কবির উদ্দিন
হিসাবরক্ষন কর্মকর্তা
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ঢাকা-১২১১।

16.08.22
তৈয়ব হোসেন সরকার
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

<u>মহিলা ওয়াশরুমের স্থিরচিত্র</u>

